

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৮৯. কী কী শর্তে মোজার উপর মাসেহ করা জায়েয?

নিম্নবর্ণিত শর্তগুলো পূরণ সাপেক্ষে মাসেহ করা জায়েয় হবে; অন্যথায় নয়।

- ১. ওযূ থাকা অবস্থায় মোজাটি পরিধান করা (বুখারী: ২০৬)। অর্থাৎ পা ধোয়াসহ পূর্ণাঙ্গ ওযূর পর মোজাটি পরা।
- ২. ছোট নাপাকি থেকে পবিত্র হওয়ার ক্ষেত্রে মাসেহ করা (নাসাঈ: ১২৭) অর্থাৎ ফর্য গোসলের ক্ষেত্রে মাসেহ প্রযোজ্য নয়।
- ৩. নির্দিষ্ট সময়ের মধ্যে মাসেহ করা। অর্থাৎ মুকীমের জন্য একদিন একরাত এবং মুসাফিরের জন্য তিন দিন তিন রাত। (মুসলিম: ২৭৬)
- 8. মোজাটিতে কোন নাপাকি না থাকা (ফাতাওয়া ইসলামিয়া- ১/২৩৫)। অর্থাৎ এতে প্রস্রাব, পায়খানা বা এ জাতীয় কিছু লেগে না থাকা।
- ৫. দ্রব্যটি মুবাহ হওয়া। অর্থাৎ দ্রব্যটি চুরি বা ছিনতাইয়ের নয় বা কোন নিষিদ্ধ দ্রব্যের তৈরিও নয় এমন হওয়া। (মুগনী- ১/৩৭৩)।
- ৬. নির্দিষ্ট পিরিয়ড শেষ হওয়ার আগেই মোজাটি খুলে না ফেলা । (মুগনী- ১/৩৬৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12826

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন